

উপস্থিতি :-      মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম

আদেশ নং- ৩০

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

তারিখ- ৩০/০১/২০২৩ ইং

বাদীপক্ষ হাজিরা দাখিল করেননি।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্ণিত নালিশী সম্পত্তিতে স্বত্ত্ব ঘোষনা এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভুল ও অশুলভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় ১-৪ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-৪ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ০৭/০৩/২০১৯ ইং তারিখের ০৭ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

মামলা প্রমানের জন্য বাদীপক্ষে মোজাফফর হোসেন **P.W.-1** ও মোঃ ফারুক **P.W.-2** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করেন।

১। শাহামীরপুর মৌজার আর এস-২০৯৮, ২০৭৪ নং খতিয়ান ও পি এস ৩৩৭৭ নং খতিয়ান এবং বি এস -১ নং খতিয়ানের সি.সি প্রদর্শনী- ১ সিরিজ

২। ১৮৮/১১/৬৬-৬৭ এল.এ মামলার সংবাদের নকল প্রদ- ২

৩। ৬১/২০০৫ মামলার সি.সি প্রদর্শনী-৩

৪। ৩১/০৮/১৯৭২ ইং তারিখের ৬৮৩৩ নং কবলার সি.সি প্রদর্শনী-৪

৫। ১৫/০২/১৯৪০ ইং তারিখের ৫০৫ নং কবলার মূল কপি প্রদর্শনী-৫

মোজাফফর হোসেন **P.W.-1** ও মোঃ ফারুক **P.W.-2** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৫) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানক্ত সম্পত্তিতে স্বত্ত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি।  
সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৪ নং বিবাদীপক্ষের বিরঞ্জনে  
একত্রফাসুন্দে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী ১ ও ২ নং তফসিল বর্ণিত ত্বরিতে বাদীগণের উত্তম  
ও অপরাজেয় স্বত্ত্ব রহিয়াছে এবং তর্কিত বি.এস ১ নং খতিয়ানে বাদীগনের স্বত্ত্ব, দখলীয়  
উক্ত ত্বরিত ত্বরিত ও অশুন্দভাবে লিপিবদ্ধ হইয়াছে যা বে-আইনী ও অকার্যকর এবং উহা  
বাদীগনের উপর বাধ্যকর নয়।

আমার স্বত্ত্বে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)

সিনিয়র সহকারী জজ

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,

পটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)

সিনিয়র সহকারী জজ

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,

পটিয়া, চট্টগ্রাম